

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ১৪. ৬. ৪. প্রশ্ন থেকেই গেল: কোন্ পাক কিতাব?

সকল ইহুদি ও খ্রিষ্টান পণ্ডিত একমত যে, পল যখন এ পত্রটা লেখেন তখন তীমথি ও তার মত হাজার হাজার খ্রিষ্টান ও ইহুদির নিকট তিন প্রকারের পাক কিতাব বা পুরাতন নিয়ম বিদ্যমান ছিল। (১) হিব্রু, (২) শমরীয় ও (৩) গ্রিক। এখন প্রশ্ন হল তীমথি কোন্ পাক কিতাব ছোট বেলা থেকে পড়েছিলেন? পল কোন্ পাক কিতাবের কথা বলেছেন? উনচল্লিশ পুস্তকের প্রটেস্ট্যান্ট, ছেচল্লিশ পুস্তকের ক্যাথলিক, একান্ন পুস্তকের অর্থোডক্স নাকি তিপ্পান্ন পুস্তকের গ্রিক সেপ্টুআজিন্ট পুরাতন নিয়ম?

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13947

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন